



# “পাবলিক চার্জ” (Public Charge) আইনে পরিবর্তন সম্পর্কে রোগীর জন্য তথ্য

10/18/2018 পর্যন্ত তথ্য

গ্রিন কার্ড বা কিছু ভিসার আবেদনকারী ব্যক্তিদের জন্য ফেডারেল সরকার কিছু নিয়ম-কানুন পরিবর্তন করতে পারে (একে বলা হয় “পাবলিক চার্জ” (public charge))। এই পরিবর্তনের ফলে সরকারি কিছু সুবিধা (যেমন: মেডিকেইড (Medicaid), ফুড স্ট্যাম্প) ব্যবহারকারী ব্যক্তিদের জন্য গ্রিন কার্ড বা ভিসা পাওয়া আরো কঠিন হয়ে উঠতে পারে।

আপনি আজ যে বেনিফিটগুলো পাচ্ছেন সেগুলো গ্রিন কার্ড বা ভিসার কোনো আবেদনকে **প্রভাবিত করবে না**। বেনিফিট পাওয়ার যোগ্যতা **পরিবর্তিত হয়নি**।

**NYC Health + Hospitals এই পরিবর্তনগুলোর সাথে একমত নয়।** আমরা চাই আপনি যাতে আপনার প্রয়োজনীয় সেবা পান এবং আপনি স্বাস্থ্যসেবার যেসব কভারেজ পাওয়ার যোগ্য সেগুলো পান।

আমরা NYC Health + Hospitals-এ সবাইকে স্বাগত জানাই, আপনার অভিবাসনগত স্ট্যাটাস যাই হোক না কেন। এটা আমাদের প্রতিশ্রুতি এবং এটা কখনোই পরিবর্তিত হবে না।

সরকারি বেনিফিট গ্রহণ করলে  
তা আপনার অভিবাসনগত  
স্ট্যাটাসকে কিভাবে প্রভাবিত  
করতে পারে সে সম্পর্কে  
আপনার কোনো প্রশ্ন  
থাকলে, অনুগ্রহ করে NYC  
Health + Hospitals-এ  
LegalHealth-এর  
একজন আইনজীবীর সাথে  
বিনামূল্যে ও গোপনীয়  
অ্যাপয়েন্টমেন্ট করুন,  
অথবা 212-659-6188  
নম্বরে LegalHealth-এর  
ইনফরমেশন লাইনে ফোন  
করুন।